অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/19/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো এবং বিধানসভার নেতারা 2020 আর্থিক বছরের প্রণীত বাজেটে ডাউনটাউন পুনরুজ্জীবিন প্রকল্পের (DOWNTOWN REVITALIZATION INITIATIVE, DRI) চতুর্থ রাউন্ডের জন্য 100 মিলিয়ন ডলার বরাদ্দ করাকে অন্তর্ভুক্ত করেছেন

যে সকল উদ্যোগ, নাগরিক কেন্দ্রগুলিকে রূপান্তর ও নতুন রূপদান করতে সফল বলে প্রমাণিত হয়েছে, প্রত্যেক অঞ্চলের একটি পৌরসভার জন্য সেই প্রকল্পগুলিকে, পর পর চার বছর ধরে 10 মিলিয়ন ডলার বরাদ্দ করা হয়েছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো, সেনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রু স্টুয়ার্ট-কাজিন এবং অ্যাসেমব্লী স্পীকার কার্ল হেস্টি আজ 2020 আর্থিক বছরের প্রণীত বাজেটে রূপান্তরকারী ডাউনটাউন পুনর্জ্জীবন প্রকল্পের চতুর্থ রাউন্ডের জন্য 100 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত করার কথা ঘোষণা করেছেন। এই সফল উদ্যোগ, স্টেটের প্রতিটি অঞ্চলের একটি করে, ডাউনটাউনের আশে পাশের আরও 10টি অঞ্চলকে সহায়তা করবে, যা স্থানীয় অর্থনীতিকে উজ্জীবিত করবে এবং একটি উচ্চ জীবনযাত্রার মান প্রদানকারী বৈচিত্রপূর্ণ প্রতিবেশী অঞ্চলগুলিকে আরও উন্নত করে তুলবে।

"সমগ্র স্টেটের 30টি কমিউনিটির মাধ্যমে আমরা ইতিমধ্যে যা দেখেছি, ডাউনটাউন পুনর্জ্জীবন প্রকল্প যা করেছে তার জন্য 10 মিলিয়ন ডলারের থেকে অনেক বেশি পুরস্কার পাওয়ার যোগ্য", **গভর্নর কুওমো বলেন।** "এই গুরুত্বপূর্ণ কর্মসূচি ডাউনটাউন কমিউনিটিগুলির আমূল পরিবর্তন ঘটিয়েছে, যার ফলে অভূতপূর্ব উন্নয়ন ও বিকাশ ঘটেছে এবং তার ফলস্বরূপ আমাদের নগর, শহর ও গ্রামগুলিতে একটি নতুন গর্ববোধ গড়ে উঠেছে। পরের বছর এই গুরুত্বপূর্ণ অর্থ সরবরাহকে ধন্যবাদ জানাতে যাতে আরও 10টি কমিউনিটি প্রতিযোগিতায় নামে এবং উন্নতি সাধন করে তা দেখার জন্য আমি মুখিয়ে থাকব।"

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবন প্রকল্প নিউ ইয়র্ক স্টেট জুড়ে সিটিগুলিকে উন্নতি লাভ করতে সহায়তা করেছে। ডাউনটাউন পুনরুজ্জীবন প্রকল্পের চতুর্থ রাউন্ডে অর্থ সরবরাহ করতে 100 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত করার দ্বারা এই অর্থনৈতিক উন্নয়ন কর্মসূচিকে সমর্থন করতে পেরে সেনেট সংখ্যাগরিষ্ঠ সদস্যরা গর্বিত। জনসাধারণের কথা মাথায় রেখে অর্থনৈতিক উন্নয়ন কর্মসূচি যা স্থানীয় ও উন্নয়ন ও সমৃদ্ধিকে ত্বরান্বিত করবে, আমরা সেগুলিকে সমর্থন করা অব্যাহত রাখব।"

অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন, "স্পীকার হওয়ার পর থেকে, স্টেট এবং সিটির অনেক শহরে যাওয়ার এবং তাদের স্থানীয় অর্থনীতিকে উজ্জীবিত করার জন্য তাদের যে প্রতিবন্ধকতাগুলির

সম্মুখীন হতে হয় তা সামনে থেকে দেখার আমার সৌভাগ্য হয়েছে। সমগ্র নিউ ইয়র্কের নাগরিক কেন্দ্রগুলিতে নতুন জীবনের ঘ্রাণ নিতে কমিউনিটিগুলিতে কৌশলগত বিনিয়োগ করার জন্য স্টেটকে অনুমতি দেবে, এমন কর্মসূচিকে সহায়তা করতে পেরে অ্যাসেমব্লী সংখ্যাগরিষ্ঠ সদস্যেরা আনন্দিত।"

"ডাউনটাউন পুনরুজ্জীবন প্রকল্প সমগ্র স্টেটের কমিউনিটিগুলিকে তাদের ডাউনটাউনগুলিকে উন্নত করতে এবং অর্থনীতিকে উজ্জীবিত করার জন্য স্থানীয় কর্মসূচিগুলিকে এগিয়ে নিয়ে যাওয়ার সুযোগ করে দিয়েছে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল, সমগ্র স্টেটের আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদের চেয়ারম্যান, বলেছেন।** "আমি অনেক শহরে গেছি যারা ডাউনটাউন পুনরুজ্জীবন প্রকল্পের (DRI) অংশ হিসাবে প্রথম তিন রাউন্ডে অর্থের যোগান পেয়েছে, এবং তারা অভূতপূর্ব উন্নয়নের সাথে পূর্ণ গতিতে এগিয়ে চলেছে যা তাদের অঞ্চলগুলিকে রূপান্তর করছে। DRI এর রাউন্ড 4 এর এই বিনিয়োগ এমনকি আরও কমিউনিটিগুলিকে সহযোগিতামূলক এবং উদ্ভাবনী প্রকল্পগুলিতে তাদের প্রয়োজনীয় সংস্থান প্রদান করবে, এবং সমগ্র নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতির উন্নয়ন অব্যাহত রাখবে।"

গভর্নরের 100 মিলিয়ন ডলার DRI, স্টেটের দুর্বল, খালি বা ভুলে যাওয়া অঞ্চলগুলিকে বসবাসযোগ্য, সহজ গন্তব্যযুক্ত, প্রাণবন্ত অঞ্চলে রূপান্তরিত করতে একটি ব্যাপক, একাধিক-এজেন্সি পদক্ষেপ।

গত তিনবারে যেমন হয়েছে, দশটি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদ (Regional Economic Development Council, REDC) অঞ্চলের প্রত্যেকটির থেকে একটি কমিউনিটি, একটি আবেদন প্রক্রিয়া এবং রূপান্তরের জন্য প্রতিটি ডাউনটাউনের সম্ভাবনার পুঙ্খানুপুঙ্খ মূল্যায়নের পরে একটি 10 মিলিয়ন ডলার বিনিয়োগের জন্য REDC দ্বারা নির্বাচিত হবে। চতুর্থ রাউন্ডের জন্য আবেদন জমা করার শেষ দিন 31শে মে, 2019, বিকেল 4টে। মনোনীতদের নির্বাচন করতে আঞ্চলিক পরিষদ সাতটি মানদণ্ডকে বিচার করবে:

- ডাউনটাউনটিকে সুস্পষ্ট সীমানা সহ নিবিড় হতে হবে;
- ডাউনটাউনটি প্রতিবেশী অঞ্চল বা তার আশেপাশের আগের বা ভবিষ্যতে গড়ে উঠতে পারে এমন বেসরকারি বা সরকারি বিনিয়োগগুলির সুবিধা নিতে পারবে;
- ডাউনটাউনটির মধ্যে, বা কাছাকাছির মধ্যে সাম্প্রতিক বা আসন্ন কর্মসংস্থানের সম্ভাবনা থাকবে যা ডাউনটাউনটিতে কর্মীদের আকর্ষিত করবে, পুনরুন্নয়নে সহায়তা করবে এবং উন্নয়নকে দীর্ঘস্থায়ী করে তুলবে;
- ডাউনটাউনটিকে, আগে থেকে বসবাস করা অধিবাসী, তরুণ প্রজন্ম এবং দক্ষ কর্মী সহ বিভিন্ন বয়সের বিচিত্র জনগোষ্ঠীর জন্য অবশ্যই একটি আকর্ষণীয় এবং প্রাণবন্ত কমিউনিটি হতে হবে;
- পৌরসভাটিকে স্থানীয় ভূসম্পদের ব্যবহার, আধুনিক অঞ্চল বিভাজন কোড এবং পার্কিং স্ট্যান্ডার্ড, পুর্নাঙ্গ রাস্তার পরিকল্পনা, শক্তি দক্ষ প্রকল্প, পরিবেশ বান্ধব কাজ এবং সার্বজনীন পরিবহন ব্যবস্থা সংলগ্ন অঞ্চলে বসবাস, ব্যবসা স্থাপন এবং অবসর বিনোদনের পর্যপ্ত জায়গা সহ বসবাস যোগ্যতা এবং জীবনযাত্রার মান উন্নয়নকারী

নীতিগুলি আগে থেকেই গ্রহণ করেছে এমন হতে হবে বা নীতিগুলি তৈরি এবং বাস্তবায়িত করতে সক্ষম হতে হবে বা;

- পৌরসভাটিকে একটি উন্মুক্ত এবং ব্যাপক কমিউনিটি অংশগ্রহণ প্রক্রিয়া সম্পাদন করতে হবে যার ফলস্বরূপ ডাউনটাউন পুনরুজ্জীবনের এবং এমন একটি প্রারম্ভিক প্রকল্প এবং উদ্যোগের তালিকার জন্য মানসিকতা তৈরি করবে যা একটি DRI কৌশলগত বিনিয়োগের পরিকল্পনাকে অন্তর্ভুক্ত করতে পারে; এবং
- পৌরসভাটি রূপান্তমূলক প্রকল্পগুলিকে শনাক্ত করেছে যা প্রথম এক বা দু বছরের মধ্যে DRI তহবিলটিকে কাজে লাগিয়ে বাস্তবায়িত করার জন্য প্রস্তুত থাকবে।

একবার একটি কমিউনিটি REDC দ্বারা নির্বাচিত হলে, ডাউনটাউন পুনরুজ্জীবনের জন্য একটি কৌশলগত পরিকল্পনার অগ্রগতি তত্ত্বাবধান করতে স্থানীয় নেতা, অংশীদার এবং মুখ্য সরকারি আধিকারিক সমন্বিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি (Local Planning Committee, LPC) গঠন করা হবে। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ স্টেট (New York State Department of State) এবং নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনুয়াল (New York State Homes and Community Renewal) এর বিশেষজ্ঞগণ কমিটিগুলির কাজকে সহায়তা করবে।

লাইসেন্সপ্রাপ্ত পেশাদার পরামর্শকদের (LPC) দ্বারা সুপারিশ করা প্রকল্পগুলি বাস্তবায়িত করার জন্য DRI তহবিলগুলি ব্যবহার করা হবে এবং আঞ্চলিক পরিষদ দ্বারা অনুপ্রাণিত উন্নয়ন গড়ে তুলতে ডাউনটাউনের প্রতিবেশী অঞ্চলগুলিতে অতিরিক্ত সরকারি এবং বেসরকারি বিনিয়োগগুলিকে পুনরায় কার্যকর এবং সুরক্ষিত করতে হবে।

নিউ ইয়র্ক স্টেট সেক্রেটারি অফ স্টেট রোসানা রোসাডো বলেছেন, "ডাউনটাউন পুনরুজ্জীবন প্রকল্প প্রতি বছর সফল প্রমাণিত হয়েছে এবং 2019 সালে আরও একটি রাউন্ডকে কার্যকর হতে দেখে আমি গর্বিত। আমি এই কমিউনিটিগুলিতে উন্নয়ন নিজে চোখে দেখেছি এবং যেরকম ফলাফল আশা করা হয়েছে তার থেকেও বেশি ভালো হয়েছে। এই প্রকল্প, সমগ্র স্টেটের আমাদের কমিউনিটিগুলিকে উন্নত করতে, গভর্নর কুওমোর দায়বদ্ধতাকে প্রমাণ করে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন, "সমগ্র নিউ ইয়র্ক স্টেটের কমিউনিটিগুলিতে নতুন বিনিয়োগগুলিকে অনুপ্রাণিত করতে এবং অর্থনৈতিক উন্নয়ন্যে সহায়তা করার জন্য একটি প্রাণবন্ত ডাউনটাউন গুরুত্বপূর্ণ এবং জনসাধারণের বসবাস, কাজ করা এবং কেনাকাটার জন্য নতুন সুযোগ তৈরি করার মাধ্যমে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ শহরাঞ্চলে নবজীবন এবং উদ্যম বজায় রাখা অব্যাহত রেখেছে।"

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল কমিশনার রুথঅ্যান ভিসনাউসকাস বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবন প্রকল্প হল সমগ্র স্টেটে একটি প্রাণবন্ত, আকর্ষণীয়, এবং বিঘ্নহীন গন্তব্যের ডাউনটাউন গড়ে তুলতে সহায়তাকারী অর্থনৈতিক উন্নয়নের একটি সৃজনশীল এবং সফল পদক্ষেপ। এটি স্বতন্ত্র কমিউনিটিগুলির স্বতন্ত্র প্রয়োজনীয়তা পূরণে এবং বিদ্যমান সম্পদগুলির উপর গঠিত কৌশলগত বিনিয়োগ করতে গভর্নর কুওমোর দায়বদ্ধতার একটি অনন্য উদাহরণ। এই

কর্মসূচি কিভাবে নিউ ইয়র্কের ডাউনটাউনগুলিকে পুনরুজ্জীবিত করে তা দেখার জন্য আমরা উন্মুখ থাকব।"

DRI এর বর্তমান 30টি পুরস্কারপ্রাপক হল:

ক্যাপিটাল রিজিয়ন
গ্লেনস ফলস সিটি
হাডসন সিটি
অ্যালবেনি (ক্লিন্টন স্কোয়ার) সিটি

কেন্দ্রীয় নিউ ইয়র্ক
ওসওয়েগো সিটি
কোর্টল্যান্ড সিটি
অওবার্ন সিটি

ফিঙ্গার লেকস
জেনেভা সিটি
বাটাভিয়া সিটি
ভিলেজ অফ পেন ইয়ান

লং আইল্যান্ড
ভিলেজ অফ ওয়েষ্টবারি
হিকসভিলি (টাউন অফ ওয়েস্টার বে)
সেন্ট্রাল ইসলিপ (টাউন অফ ইসলিপ)

মধ্য-হাডসন
মিডিলটাউন সিটি
কিংস্টোন সিটি
নিউ রোচেলি সিটি

মোহক ভ্যালি
ওনিওন্টা সিটি
রোম সিটি
আমস্টারডাম সিটি

নিউ ইয়র্ক সিটি
জামাইকা, কুইন্স
ব্রনক্স সিভিক সেন্টার
ডাউনটাউন ব্রুকলিন

নর্থ কাউন্ট্রি
প্ল্যাটসবার্গ সিটি
ওয়াটারটাউন সিটি
ভিলেজ অফ সারানাক লেক

দক্ষিণাঞ্চল
এলমিরা সিটি
ভিলেজ ওয়াটকিনস গ্লেন
ওয়েগো টাউন

পশ্চিম নিউ ইয়র্ক
জেমসটাউন সিটি
ওলিয়ান সিটি
লকপোর্ট সিটি

ডাউনটাউন পুনরুজ্জীবন প্রকল্প সম্পর্কে আরও তথ্য www.ny.gov/dri এ পাওয়া যাবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন